তারিখ 24 JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৪

দৈনিক বাংলা

৬৪

জনমত

## প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের বদলী

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৯৯২ ইং সালের ৩০শে মে'র এক নিয়োগ বিজ্ঞপ্তিতে সরকারী প্রাথমিক শিক্ষক/শিক্ষিকাদের ঢাকা মহানগরীতে সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে বদলীর উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়। এই নিষেধাজ্ঞা এখন পর্যন্ত বলবৎ রয়েছে। এই নিষেধাজ্ঞার ফলে ১৯৯৩ইং সালে ঢাকা মহানগরীর বাইরে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকাদের পারিবারিক জীবনে চরম দুর্ভোগ নেমে এসেছে। ঢাকায় কর্মরত স্বামী বা স্ত্রীর সঙ্গে ঢাকার বাইরে কর্মরত শিক্ষক বা শিক্ষয়িত্রীর বদলীর মাধ্যমে একসঙ্গে বসবাস করার সুযোগ ঐ নিষেধাজ্ঞার ফলে তিরোহিত হওয়ায় তাদের জীবনে চরম হতাশা বিরাজ করছে। এ বিষয়ে বাংলাদেশ সরকারের ক্যাবিনেট ডিভিশনের ৩০-৫-১৯৭৮ইং তারিখের সার্কুলার নং ইডি/জে-১-৯৬/৭৭-৮৮৩তে এবং প্রধান সামরিক আইন প্রশাসক-এর ১১-৬-৮২ইং তারিখের স্মারক নং ইডি/এসএ ১-১/৮২-২৬৪ (১০০০)নং সার্কুলারে সরকারী চাকরিজীবী স্বামী এবং স্ত্রীকে একই স্টেশনে বদলীর যে নির্দেশ আছে তা সর্বক্ষেত্রে কার্যকরী হলেও কেবল-মাত্র সরকারী প্রাথমিক শিক্ষক/শিক্ষিকাদের বেলায় এটি কার্যকর করা হচ্ছে না। এটা একই রাষ্ট্রে দুই ধরনের আইন ও বৈষম্যেরই নামান্তর।

এ প্রসঙ্গে আরো উল্লেখ্য, গত জুন, ১৯৯৫ইং অনুরূপ নিষেধাজ্ঞা জারী করে আরেকটি নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। এর ফলে ঢাকার বাইরে কর্মরত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/ শিক্ষিকাদের পক্ষে ঢাকায় কর্মরত স্ত্রী বা স্বামীদের সঙ্গে বসবাস করার জন্য বদলী হয়ে আসার আর কোন সুযোগ রইল না। এতে স্বভাবতই তাদের সাংসারিক জীবনে নেমে এসেছে চরম হতাশা ও দুর্ভোগ। তাই, এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি, এবং জুন, ১৯৯৫ইং তারিখে জারীকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী প্রাথমিক শিক্ষক/শিক্ষিকাদের ঢাকায় তাঁদের স্বামী/ স্ত্রীর কর্মস্থল এলাকায় বদলীর বিষয়টি সহৃদয়তার সঙ্গে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আকুল আবেদন জানাচ্ছি।

সৈয়দ মোঃ শাহআলম
পিএ টু চেয়ারম্যান
পেট্রোবাংলা, পেট্রোসেন্টার
৩নং কাওরান বাজার, ঢাকা-১২১৫।